

## 80425 - খাবার পাকস্থলি থেকে তার কঠনালী পর্যন্ত উঠে যায়; সেক্ষেত্রে সে কী করবে?

### প্রশ্ন

রোযা রাখার ক্ষেত্রে আমার একটি সমস্যা আছে। সেটি হল প্রতিদিন রোযা রাখার শুরুতে খাবার পাকস্থলি থেকে আমার কঠনালী পর্যন্ত উঠে যায়। কখনও কখনও কঠনালী অতিক্রম করে যায়। এটি প্রাত্যহিক ঘটে। এখন আমার কী করণীয়? আমি কি সেই দিনগুলোর রোযা পুনরায় রাখব? উল্লেখ্য, এ বিষয়টি রমযানের প্রতিদিন ঘটে।

### প্রিয় উত্তর

খাবারের অবিশেষাংশ কিংবা কিছু তরল পাকস্থলি থেকে গলাতে উঠে আসা এটি মানুষের ইচ্ছায় ঘটে না। কিন্তু হতে পারে এটি রোগ। আবার হতে পারে পাকস্থলি ভরে যাওয়ার কারণে।

একে বলা হয় “ওগরানো”। যে ব্যক্তির ক্ষেত্রে এটি ঘটে তার উপর ওয়াজিব হলো পারলে এটি মুখ থেকে ফেলে দেয়া। আর যদি ফেলে দিতে সক্ষম না হয় এবং এটি পাকস্থলিতে ফিরে যায় তাহলে কোন অসুবিধা নাই। রোযার উপর এর কোন প্রভাব পড়বে না।

ইবনে হায়ম (রহঃ) বলেছেন:

“গলা থেকে বের হয়ে আসা ‘ওগরানো’ রোযা নষ্ট করবে না; যতক্ষণ না এটি মুখে চলে আসার পরে ও ফেলে দিতে দিতে সক্ষম হওয়ার পরে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে সেটাকে ফিরিয়ে না নেয়।”[আল-মুহাল্লা (৪/৩৩৫) থেকে সমাপ্ত]

আরও বিস্তারিত জানতে [40696](#) নং ও [12659](#) নং প্রশ্নোত্তরদ্বয় দেখুন।